# পরিশিষ্ট

## মানবণ্টন

## এইচএসসি প্রোগ্রাম
## কৃষিশিক্ষা ২য় পত্র
## কোর্স কোড : HSC-2889

**পূর্ণমান: ১০০**

### তত্ত্বীয় = ৭৫ নম্বর

**১. সৃজনশীল (কাঠামোবদ্ধ) প্রশ্ন = ৪০ নম্বর**

* প্রত্যেকটি সৃজনশীল প্রশ্নে চারটি অংশ থাকবে।

| | |
|---|---|
| (ক) অংশের জন্য (জ্ঞান দক্ষতা যাচাই) | ১ নম্বর |
| (খ) অংশের জন্য (অনুধাবন দক্ষতা যাচাই) | ২ নম্বর |
| (গ) অংশের জন্য (প্রয়োগ দক্ষতা যাচাই) | ৩ নম্বর |
| (ঘ) অংশের জন্য (উচ্চতর চিন্তন দক্ষতা যাচাই) | ৪ নম্বর |
| | মোট= ১০ নম্বর |

- ৬টি সৃজনশীল প্রশ্ন থাকবে; ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।
- প্রতিটি সৃজনশীল প্রশ্নে ১০ নম্বর

**২. বহুনির্বাচনি প্রশ্ন = ৩৫ নম্বর**

মোট ৩৫ টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্ন ১ নম্বর

**৩. ব্যবহারিক = ২৫ নম্বর**

- দুটি পরীক্ষা সম্পন্ন করতে হবে।
- প্রতিটি পরীক্ষা সংগঠন : (৮×২)=১৬ নম্বর।
- মৌখিক অভীক্ষা : (২.৫×২)=০৫ নম্বর।
- নোটবুক : ৪ নম্বর।

# নমুনা প্রশ্ন

## কৃষি শিক্ষা দ্বিতীয় পত্র (তত্ত্বীয়)
## সৃজনশীল অভীক্ষা
## পূর্ণমান: ৪০
## সময়: ২ ঘন্টা ১০ মিনিট

[বিশেষ দ্রষ্টব্য মোট ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১। সিরাজুল একজন প্রান্তিক চাষী। তার একটি পুকুর আছে। তিনি তার পুকুরে মাছ চাষের সিদ্ধান্ত নিলেন। মাছ চাষ বিষয়ের ওপর প্রশিক্ষন নিয়ে তিনি পুকুরে মাছ চাষ শুরু করলেন।
ক) মাছ বলতে কী বোঝায়? ১
খ) বাংলাদেশে মাছের চাষ বৃদ্ধি পাবার কারন বর্ননা করুন। ২
গ) পুকুরে মাছ চাষ করে লাভবান হতে কী করণীয়? ব্যাখ্যা করুন। ৩
ঘ) বাংলাদেশে মাছ চাষের গুরুত্ব বিশ্লেষণ করুন। ৪

২। হারুন সাহেব তার বাড়ির দুইটি পুকুরে পৃথকভাবে মাছ ও চিংড়ি চাষ করছেন। কিন্তু লাভজনক না হওয়ায় তিনি এলাকার মৎস্য কর্মকতার কাছে গেলেন। মৎস্য কর্মকর্তার পরামর্শ অনুযায়ী সঠিকভাবে মাছ ও চিংড়ির খাবার প্রয়োগ করায় আশানুরূপ ফলন পেলেন।
ক) মাছের সম্পূরক খাবার বলতে কী বোঝায়? ১
খ) ঘেরে চিংড়ি চাষের জন্য সম্পূরক খাবার কী কী? ২
গ) পুকুরে চিংড়ির সম্পূরক খাবার প্রয়োগ পদ্ধতি লিখুন। ৩
ঘ) হারুন সাহেব কী পদ্ধতিতে পুকুরে সম্পূরক খাবার প্রয়োগ করে সফল হলেন তা বর্ণনা করুন। ৪

৩। জসিম সাহেব সরকারি চাকুরি থেকে অবসর নিয়েছেন। অবসরকালীন কিছু টাকা দিয়ে তিনি মুরগির ও হাঁসের খামার করলেন। জসিম সাহেবের মুরগীর বৈশিষ্ট্য হল পালকের রং লাল, কানের লতির রং লাল, গায়ের চামড়া হলুদ রং, পায়ের নালা পালক বিহীন। খাকি রং ও মাথা গোলাকার বৈশিষ্ট্যের হাঁস পালন শুরু করলেন। এই জাতের মুরগি ও হাস পালন করে সচ্ছলভাবে জীবন যাপন করছেন।
ক) জাত কী? ১
খ) পোল্ট্রি শিল্পের সম্ভাবণা ব্যাখ্যা করুণ। ২
গ) মুরগীর এশিয়াটিক ও আমেরিকান শ্রেণির জাত গুলির বৈশিষ্ট্য তুলনা করুণ। ৩
ঘ) জসিম সাহেব কোন জাতের হাঁস ও মুরগি এবং কেন পালন করছেন তা বিশ্লেষণ করুণ। ৪

৪। জয়নাল তার বাড়িতে ছোট-খাটো গরুর খামার গড়ে তুলেছেন। তিনি গ্রামের প্রতিষ্ঠিত খামারির কাছ থেকে দিক নির্দেশনা নিয়ে সেভাবে খামার পরিচালনা করছেন। এভাবে তিনি পারিবারিক প্রয়োজন মিটিয়ে অর্থনৈতিক ভাবে লাভবান হয়েছেন।
ক) পশু সম্পদ বলতে কী বুঝায়। ১
খ) খাদ্য হিসেবে গৃহপালিত পশুর গুরুত্ব ব্যাখ্যা করুন। ২
গ) পশু সম্পদ উন্নয়ণে কি কি সমস্যা হতে পারে ব্যঅখ্যা করুন। ৩
ঘ) বাংলাদেশে অর্থনীতিতে গবাদি পমুর খামারের উদ্যেগটি মূল্যায়ণ করুন। ৪

৫। মেহেরপুর গ্রামের শামীম মিয়া বেশ কিছু আবাদি জমি রয়েছে। কিন্তু তেমন আশানুরূপ ফলন পাচ্ছেন না। তাই স্থানীয় কৃষি কর্মকর্তার কাছে পরামর্শের জন্য গেলেন। তিনি ফসলের একটি শস্য পঞ্জিকা দেখিয়ে বিভিন্নভাবে পরামর্শ দিলেন। এরপর শামীম নিয়াকে ফসল চাষে শস্য পর্যায় অবলম্বনের জন্য দিক নির্দেশনা দিলেন। পরামর্শক কাজ করায় শামীম লাভবান হলেন।
ক) শস্য পঞ্জিকা কি? ১
খ) শস্য পর্যায়ের মূলনীতি লিখুন? ২
গ) কৃষিকর্মকর্তা কেন ফসল চক্র অবলম্বন করতে বললেন ব্যাখ্যা করুন। ৩
ঘ) শস্য পর্যায় অবলম্বন করে লাভবান হলেন বিষয়টি মূল্যায়ন করুন। ৪

৬। নিজামপুর গ্রামের কৃষকরা বাজারজাতকরণের উপযুক্ত সুযোগের অভাবে তাদের কৃষিপণ্য বিক্রি করে লাভবান হতে ব্যর্থ হচ্ছে। এ পরিস্থিতিতে অভিজ্ঞ কৃষক হাসমত আলী এলাকার কৃষকদের নিয়ে সমবায়ের মাধ্যমে পণ্য বিক্রির সিদ্ধান্ত নিলেন। হাসমত আলী বাজারজাতকরণে সমবায়ের ভূমিকা প্রসঙ্গে বললেন- ”দশে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ”।
ক) সমবায় আইন কী ? ১
খ) সমবায় কিভাবে কৃষকদের আত্মসচেতন করে ব্যাখ্যা করুন। ২
গ) কৃষক হাসমত আলীর উদ্দ্যোগ নিজামপুরের কৃষকদের কিভাবে উপকৃত করবে - বিশ্লেষণ করুন। ৩
ঘ) দশে মিলে কাজ করার উপকারীতা প্রসঙ্গে সমবায়ের ভূমিকা মূল্যায়ন করুন। ৪

## নমুনা প্রশ্ন
## কৃষি শিক্ষা (তত্ত্বীয়) ২য় পত্র বহুনির্বাচনি অভীক্ষা
**পূর্ণমান: ৩৫ সময় : ৩৫ মিনিট**

[বিশেষ দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান ১]

১। মাছ কী জাতীয় খাদ্য?
(ক) আমিষ (খ) শর্করা
(গ) ভিটামিন (ঘ) চর্বি

২। কোন কোন দেশের সাথে বাংলাদেশের সমুদ্রসীমা রয়েছে?
(ক) ভারত ও নেপাল (খ) ভারতও মিয়ানমার
(গ) মিয়ানমার ও থাইল্যান্ড (ঘ) ভারত ও পাকিস্তান

৩। কই মাছ কত দিনে বাজারজাতকরনের উপযোগী হয়?
(ক) ৩-৪ মাস (খ) ৮-১০ মাস
(গ) ১১-১৪ মাস (ঘ) ১৫-২০ মাস

৪। রোগজীবাণু দেহে প্রবেশে বাধা সৃষ্টিকারী বাহ্যিক প্রতিবন্ধক নয় কোনটি?
(ক) ত্বক/খোলস (খ) আঁইশ
(গ) পাখনা (ঘ) মিউকাস

৫। কোন রোগে মৃত্যুহার অনেক বেশি হয়?
(ক) ছত্রাকজনিত রোগ (খ) ব্যাকটেরিয়াজনিত রোগ
(গ) ভাইরাসজনিত রোগ (ঘ) পরজীবীঘটিত রোগ

নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দিন:
লিটনের পুকুরের পানি পরিষ্কার এবং পানিতে কোন জলজ আগাছাও নেই। তিনি দেখলেন কিছু মাছ অস্থিরভাবে লাফালাফি করছে এবং পুকুরে পুঁতে রাখা বাঁশের সাথে গা ঘষাঘষি করছে।

৫। লিটনের পুকুরের মাছের গা ঘষাঘষির কারন কী?
(ক) ছত্রাক (খ) আরগুলাস (গ) ব্যাকটেরিয়া (ঘ) ভাইরাস

৬। লিটনের পুকুরের মাছের সমস্যা সমাধানের উপায় কোনটি?
i. ডিপটারেক্স প্রয়োগ
ii. চুন প্রয়োগ
iii. পুকুরে জৈব সার প্রয়োগ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

নিচের কোন জিনিসটি লেয়ার খামারে আবশ্যক কিন্তু ব্রয়লার খামারের ক্ষেত্রে নয়?
(ক) খাদ্যের পাত্র (খ) বিদ্যুৎ
(গ) পানির পাত্র (ঘ) ডিম রাখার ঝুড়ি

৮। জিনডিং জাতের হাঁস বছরে বছরে কতটি ডিম দেয়?
(ক) ৩০০টি (খ) ২৮০টি
(গ) ৩২০টি (ঘ) ৩৫০টি

৯। নিচের কোনটি কোয়েলের জাত নয়?
(ক) ফেনটেইল (খ) জাপানিজ কোয়েল
(গ) রেইন কোয়েল (ঘ) ব্রাউন কোয়েল

১০। পোল্ট্রির খামার তৈরির জন্য অত্যাবশ্যকীয় উপাদান কোনটি?
(ক) পোল্ট্রির সংখ্যা (খ) পোল্ট্রির বাসস্থান নির্মান
(গ) পোল্ট্রির আকার (ঘ) পোল্ট্রির লিটার

১১। প্রথম সপ্তাহে ব্রয়লারের ঘরের প্রয়োজনীয় তাপমাত্রা কত?
(ক) ৯৫° ফা. (খ) ৯০° ফা.
(গ) ৮০° ফা. (ঘ) ৬০° ফা.

১২। স্থায়ী খরচের খাত নয় কোনটি?
(ক) অফিস (খ) খাদ্য গুদাম
(গ) শ্রমিকদের ঘর (ঘ) খাদ্য খরচ

১৩। কোয়েলের প্রতিটি বাচ্চার ওজন কত?
(ক) ৮-১০ গ্রাম (খ) ৭-৮ গ্রাম (গ) ১২-১৩ গ্রাম (ঘ) ১৪-১৫ গ্রাম
১৪। প্রতিটি রাজহাঁসের জন্য দৈনিক যতটুকু সবুজ ঘাস প্রয়োজন?
(ক) ২০০ গ্রাম (খ) ৩০০ গ্রাম (গ) ৪০০ গ্রাম (ঘ) ৫০০ গ্রাম
১৫। পশুর মলমূত্রের প্রধান ব্যাবহার কোনটি?
(ক) মাছের খাদ্য (খ) বায়োগ্যাস (গ) জ্বালানি (ঘ) জৈব সার
১৬। প্রাপ্ত বয়স্ক গরুর মাংসকে কি বলে?
(ক) মাটন (খ) বিফ (গ) চেভন (ঘ) রেড মিট
১৭। দেশী গাভী হতে দৈনিক প্রাপ্ত দুধের পরিমাণ কত?
(ক) ১ লিটার (খ) ২০৫ লিটার (গ) ১-৩ লিটার (ঘ) ৮-১০ লিটার
১৮। কোন জাতের মহিষের সাথে মুররা মহিষের মিল রয়েছে?
(ক) ম্যারিড (খ) নীলি (গ) রাভি (ঘ) সুরাটি
১৯। যমুনাপারি জাতের ছাগলের কান কেমন?
(ক) খাটো ও সোজা (খ) লম্বা ও সোজা
(গ) ছোট ও বাকানো (ঘ) লম্বা ও ঝুলন্ত
২০। নিচের কোন পশু পানিতে গা ডুবিয়ে রাখতে খুব ভালবাসে?
(ক) মহিষ (খ) গরু (গ) ভেড়া (ঘ) ছাগল
২১। সাইলেজ তৈরির জন্য সর্বোৎকৃষ্ট ঘাস কোনটি?
(ক) নেপিয়ার (খ) জোয়ার (গ) ভুট্টা (ঘ) গিনি
২২। বাছুরের জন্মের কত দিন পর্যন্ত গাভীকে রেচক খাবার দেয়া উচিত?
(ক) ১০/১২ দিন (খ) ৭/৮ দিন
(গ) ২/৩ দিন (ঘ) ৮/১০ দিন
২৩। দুধ সংগ্রহের কত ঘন্টার মধ্যে শীতল করতে হয়।
(ক) ৪-৫ ঘন্টা (খ) ৬-৭ ঘন্টা
(গ) ৭-৮ ঘন্টা (ঘ) ৮-১০ ঘন্টা
২৪। গাভীর ড্রাই পিরিয়ড কত দিন হরে উত্তম?
(ক) ৪০-৫০ দিন (খ) ৫০-৬০ দিন
(গ) ৬০-৭০ দিন (ঘ) ৭০-৮০ দিন
২৫। বৃক্ষ মেলার বৈশিষ্ট্য হলো -
i. জনগণকে বৃক্ষ রোপণে আগ্রহী করে তোলা।
ii. বিভিন্ন প্রজাতির বৃক্ষের প্রর্দশন ।
iii. ভাল বীজ সংরক্ষণের কৌশল জানানো।
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকের আলোকে ২৬ নং ও ২৭ নং প্রশ্নের উত্তর দিন ।

জনগণকে বৃক্ষরোপণে উৎসাহিত করার জন্য প্রতি বছর দেশের বিভিন্ন স্থানে মেলা অনুষ্ঠিত হয়। এসব মেলায় উন্নত জাতের বিভিন্ন প্রজাতির বৃক্ষের চারা পাওয়া যায়। বর্তমানে বৃক্ষরোপণে জনগণ ব্যাপকভাবে আগ্রহী হচ্ছে।

২৬। উদ্দীপকে উল্লেখিত মেলার নাম কি ?
ক) কৃষি ও বৃক্ষ মেলা খ) ফল ও সব্জি মেলা
গ) বীজের মেলা ঘ) ফুলের মেলা
২৭। এসব মেলার কারণে বৃক্ষরোপণ পরিণত হয়েছে -
i. সামাজিক আন্দোলনে।
ii. অর্থনৈতিক উন্নয়নের আন্দোলনে।
iii. পরিবেশ দূষণ প্রতিরোধ আন্দোলনে।
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকের আলোকে ২৮ নং ও ২৯ নং প্রশ্নের উত্তর দিন ।

নলডাঙ্গা গ্রামের কৃষকরা বৃক্ষ মেলা পরিদর্শনের সময় কৃষি জমির বাউন্ডারীতে ও আইলে গাছ লাগিয়ে অর্থনৈতিকভাবে লাভবান হওয়ার বিষয়ে জানতে পারে। উল্লেখিত স্থানে লাগানোর উপযোগী বৃক্ষ প্রজাতি ও তাদের বৈশিষ্ট্যগুলো কৃষকরা মেলা থেকে ভালভাবে জেনে নেয়।

২৮। কৃষি জমির বাউন্ডারীতে জীবন্ত বেড়া তৈরীর উপযোগী বৃক্ষ কোনগুলো ?
ক) অড়হর, ঢোলকলমি, ফণিমণসা  খ) আম, জাম, কাঁঠাল
গ) সেগুন, গর্জন, শাল  ঘ) হরিতকি, বয়রা, আমলকি

২৯। উদ্দীপকের কৃষি জমির আইলে লাগানো বৃক্ষ সমূহের বৈশিষ্ট্য হলো -
i. কম শিকড় বিস্তারকারী।
ii. শিকড় গভীরমূলী।
iii. ডালপালা ছাঁটাই সহনশীল।
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৯। খামার হচ্ছে-
ক) কৃষি উৎপাদনের একটি ইউনিট  খ) শিল্প পণ্য উৎপাদনের একটি ইউনিট।
গ) সেবামূলক পণ্য উৎপাদনের একটি ইউনিট  ঘ) বাজারজাতকরণ প্রতিষ্ঠান

৩০। শস্য পঞ্জিকা হল-
ক) শস্য নির্বাচন এবং সফলভাবে উৎপাদনের নির্দেশিকা  খ) ফসল উৎপাদনের পূর্বশর্ত
গ) নির্বাচিত কিছু শস্য জন্মানো  ঘ) ফসল উৎপাদনের বিভিন্ন কলাকৌশল

নিচের উদ্দীপকটি পড় ৩১ নং প্রশ্নের উত্তর দাও।
শফিক সাহেব মাঝারী উঁচু জমিতে একটি শস্য খামার করেন। কৃষি সম্প্রসারণ কর্মকর্তা তাকে পরামর্শ দিলেন।

৩১। কোন বিষয়ে পরিকল্পনা করতে বললেন-
i) শস্য পরিকল্পনা  ii) ফসল বিন্যাস  iii) শস্য পর্যায়
ক) i, ii  খ) ii, iii  গ) i, iii  ঘ) i, ii, iii

নিচের উদ্দীপকের আলোকে ৩২ নং ও ৩৩ নং প্রশ্নের উত্তর দিন।
তারাকান্দা গ্রামের চাষীদের অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম শুরু হয়েছে। দরিদ্র কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য এ কার্যক্রমের মাধ্যমে ক্ষুদ্র ঋণ সরবরাহ করা হয়।

৩২। ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রধান উৎস কোনটি ?
ক) প্রাতিষ্ঠানিক উৎস  খ) অপ্রাতিষ্ঠানিক উৎস
গ) ব্যক্তিগত উৎস  ঘ) এনজিও প্রতিষ্ঠান

৩৩। উদ্দীপকের উক্ত কার্যক্রমের উদ্দেশ্য - দরিদ্র মানুষকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করা।
i. সহজ শর্তে ও কিস্তিতে ঋণ পরিশোধের সুবিধা দেয়া।
ii. মুনাফার জন্য দাদন ব্যবসা করা।
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৩৩। সমবায় সমিতি গঠন করা হয় কিসের জন্যে ?
ক) ব্যবসার উদ্দেশ্যে  খ) চাকুরী পাওয়ার সুবিধার্থে
গ) কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে  ঘ) রাজনৈতিক স্বার্থ হাসিলে

নিচের উদ্দীপকের আলোকে ৩৪ নং ও ৩৫ নং প্রশ্নের উত্তর দিন।
নলডাঙ্গা গ্রামের সব কৃষকই ক্ষুদ্র চাষী। প্রতি বছর ফসল উৎপাদন করে নায্যমূল্যের অভাবে তারা ক্ষতির সম্মুখীন হন। এবার তারা সবাই মিলে একটি সংগঠন করেছেন।

৩৪। নলডাঙ্গা গ্রামের চাষীদের সংগঠনটি কী ধরণের সংগঠন ?
ক) সমবায় সংগঠন খ) কৃষক সংগঠন
গ) সমাজ সংগঠন ঘ) বিনোদন সংগঠন

৩৫।উদ্দীপকের সংগঠনের বৈশিষ্ট্য হলো -
i. পারস্পরিক সহযোগীতার মাধ্যমে উন্নয়ন।
ii. ব্যক্তিগত প্রচেষ্টায় উন্নয়ন।
iii. সমঝোতা ও সততার মাধ্যমে উন্নয়ন ।
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii